

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি বিএনসিসি ক্যাডেটদের ফেয়ারওয়েল ও ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিএনসিসি ক্যাডেটদের ফেয়ারওয়েল ও ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি বিএনসিসির ১৪ ও ১৫তম ব্যাচের সাবেক ক্যাডেটদের বিদায় এবং ১৮তম ব্যাচের নবীন ক্যাডেটদের বরণ উপলক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আজ বৃহস্পতিবার (০৬ ফেব্রুয়ারি ২০২৫) বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহিদ ক্যাডেট সার্জেন্ট রুমী ভবনে বিএনসিসি আয়োজিত ওই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নবীন ও বিদায়ী ক্যাডেটদের উদ্দেশ্যে বলেন, সুশৃঙ্খল জীবনের জন্য ক্যাডেট কোরের কোনো বিকল্প নেই। দেশের অতন্ত্র প্রহরী হওয়ার জন্য এই ক্যাডেট কোর তোমাদের সুযোগ করে দিচ্ছে।

তিনি আরও বলেন, শৃঙ্খলা এবং ন্যায়-নীতির যে বিষয়গুলো তোমরা শিখেছো তা যদি তোমাদের জীবনে কাজে লাগাতে পারো সেটাই হবে দেশের জন্য, নিজেদের জন্য, সমাজের জন্য এবং সর্বোপরি এ বিশ্ববিদ্যালয়ের জন্য কল্যাণকর এবং মঙ্গলজনক। ব্যক্তি, সমাজ ও পারিবারিক জীবনে যেখানেই যে অন্যায় দেখবে নিয়ম নীতির ভেতর দিয়ে তার প্রতিবাদ করবে। আমরা চাই সবাই মিলে একটা শোষণমুক্ত, অন্যায়মুক্ত ও সামাজিক বৈষম্যমুক্ত সুন্দর সমাজ গড়তে যেখানে সবার অধিকার থাকবে এবং সবাই মিলে এ বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে পারবো।

এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবি সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন (চন্দন আনোয়ার), বিএনসিসির ব্যাটেলিয়ান কমান্ডার লেফটেন্যান্ট হাবিবুল্লাহ রাবিব, নোবিপ্রবি বিএনসিসির প্লাটুন-১ কমান্ডার জনাব মোঃ মাহবুবুল আলম এবং প্লাটুন-২ কমান্ডার জনাব ঞর্গিমা ঘোষ জুই সহ নোবিপ্রবি বিএনসিসি ক্যাডেট ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন নোবিপ্রবি বিএনসিসির ক্যাডেট কর্পোরাল তাহমিদ হাসান ও অর্পা ভৌমিক।

এতে বিদায়ী ক্যাডেটদের সনদ ও সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪